৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৫০তম (আগস্ট ২০২৩খ্রি. মাসের) সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | শাহিদ মাহমুদ<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী। |
| তারিখ | ঃ | ২৪ আগস্ট ২০২৩খ্রি.। |
| সময় | ঃ | বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য। |

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ১৩-০৭-২০২৩খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৬টি কমিউনিটি ক্লিনিক এবং ২টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র সপ্তাহে ৬দিন খোলা রেখে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান করা হচ্ছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি মৌসুমে রোপা আমন ধানের অর্জন-২৮২০৫ হেক্টর। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদর এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ রোপা আমন ধানের উপরি সার প্রয়োগসহ কৃষকদের পরামর্শ প্রদান করে যাচ্ছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। আগস্ট মাসের ইউরিয়া সারের বরাদ্দ ১৪৯০মেঃটন, টিএসপি সারের বরাদ্দ ৯৬.৮০ মেঃ টন, এমওপি সারের বরাদ্দ ৪৭৫.৪০ মেঃ টন। গত ২৪-৮-২০২৩খ্রি. তারিখ পর্যন্ত ইউরিয়া সারের মজুদ ১০৮৬ মেঃ টন, টিএসপি সারের মজুদ ৫৬ মেঃ টন, এমওপি সারের মজুদ ১৯৯.৬০ মেঃ টন ও ডিএপি সারের মজুদ ২৫৪.৭০ মেঃ টন। | ১। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৩-২৪ অর্থ বছরে মৎস্য অধিদপ্তরের রাজস্ব খাতের আওতায় অভ্যন্তরীণ জলাভূমি/প্লাবনভূমি/বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে কার্প জাতীয় পোনা মাছ অবমুক্তকরণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত নীলফামারী সদর উপজেলার মোট ৪৪৮ কেজি পোনামাছ মাননীয় সংসদ সদস্য, নীলফামারী-২ মহোদয়ের মাধ্যমে অবমুক্তকরণ কাজের শুভ উদ্বোধন করা হয়েছে। নীলফামারী সদর উপজেলার বিভিন্ন হাট-বাজারে মৎস্য আইন অনুযায়ী অভিযান পরিচালনা করা হচ্ছে। | ২। মৎস্য আইন অনুযায়ী হাট-বাজারসমূহে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।<br>২। মৎস্য চাষিদেরকে নিয়মিত পরামর্শ/ প্রশিক্ষণ প্রদান করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানের কোন সমস্যা নাই। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। বেকার যুব/ যুব মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল করে গড়ে তুলতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতি ১০৬৬২৯জন, পরিবার পরিকল্পনা গ্রহণকারী ৮৭৯৫০জন, পদ্ধতি গ্রহণকারীর হার ৮২.৪৮%, মোট গর্ভবতী ৩৬৬৩জন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব ৪৩জন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ২৭জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগ হতে জুলাই ২০২৩খ্রি. মাসে খাবার বড়ি ৩২৪৯৫ চক্র, আপন ৬৫৫ চক্র, কনডম ১৭৮৫৯ পিস, ইনজেকশন ৩৯২৩ ভায়াল, আইইউডি ৬৫ জন, ইমপ্ল্যান্ট ৮৮ জন ও ইসিপি ১৬ জনকে প্রদান করা হয়েছে। এছাড়াও ০৪জন মহিলাকে স্থায়ী পদ্ধতি পদান করা হয়েছে। | মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ এবং স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীলফামারী সদর |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| **০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতি ১০৬৮০৯জন, পরিবার পরিকল্পনা গ্রহণকারী ৮৮২৫১জন, পদ্ধতি গ্রহণকারীর হার ৮২.৬৩%, মোট গর্ভবতী ৩৭৫৭জন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব ৪৭জন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ৩৩জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগ হতে আগস্ট ২০২৩খ্রি. মাসে খাবার বড়ি ৩২৭২৯ চক্র, আপন ৯৩৫ চক্র, কনডম ১৬৮৮৯ পিস, ইনজেকশন ৪৩১২ ভায়াল, আইইউডি ৪৫ জন, ইমপ্ল্যান্ট ৭৭ জন ও ইসিপি ০৬ জনকে প্রদান করা হয়েছে। এছাড়াও ০৪জন পুরুষ ও ০২জন মহিলাকে স্থায়ী পদ্ধতি পদান করা হয়েছে। | মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ এবং স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীলফামারী সদর |
| **০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২০২৪ ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের অনুকূলে ১ম কিস্তিতে ২৮,২৬,০০০/-টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রথম কিস্তির বরাদ্দের সম পরিমাণ ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির ২৮,২৬,০০০ x ৪ = ১,১৩,০৪,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যাবে। উক্ত টাকা হতে বিভিন্ন খাতে এডিপি বরাদ্দ হতে টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের জন্য ২৬টি প্রকল্পে মোট ৭৯,৫০,০০০/- টাকা, প্রকল্প কমিটির মাধ্যমে ১৬টি প্রকল্পে মোট ৩১,৮৪,৫০০/- টাকা বাস্তবায়নের নিমিত্তে সভায় উপস্থাপন করেন। উক্ত প্রকল্পের জরীপ তদারকী ব্যয় বাবদ ১% =১,১৩,০০০/-টাকা এবং প্রকল্প প্রস্তুত করণ ও অন্যান্য আনুষাংগিক ব্যয় বাবদ ৫৬,৫০০/-টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>**(ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সুপারিশকৃত স্কীম/প্রকল্পসমূহঃ** | ১। উপজেলা বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহের বিভিন্ন খাতে অগ্রাধিকার ও জনগুরুত্ব বিবেচনায় ১৫টি প্যাকেজে ২৬টি প্রকল্প ইজিপি (LTM) অনলাইন পদ্ধতিতে টেন্ডারের মাধ্যমে এবং ১৬টি প্রকল্প, প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য ১৬টি প্রকল্প কমিটি (পরিশিষ্ট-গ) অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) আনুষঙ্গিক ব্যয় বাবদ =৫৬,৫০০/-টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) জরিপ ও উন্নয়নমূলক কার্য তদারকী ব্যয় বাবদ= ১,১৩,০০০/- টাকা ব্যয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| এডিপি/নীল/সদর/২৩-২৪/০১ | ১নং চওড়াবড়গাছা ইউনিয়নের ৫নং ওয়ার্ড কানটি তাড়িশ কফুর এর বাড়ির মোড় হইতে মনোয়ারের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি ঢালাইকরণ। | ৫,০২,০৬০/- |
| | **প্যাকেজ উপ-মোট=** | **৫,০২,০৬০/-** |
| এডিপি/নীল/সদর/২৩-২৪/০২ | ২নং গোড়গ্রাম ইউনিয়নের ৬নং ওয়ার্ড নীজপাড়া দুলালের বাড়ী যাওয়ার রাস্তায় পুকুরে গাইড ওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- |
| | ২নং গোড়গ্রাম ইউনিয়নের ৬নং ওয়ার্ড নীজপাড়া আনারুলের বাড়ী যাওয়ার রাস্তায় পুকুরের গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- |
| | ২নং গোড়গ্রাম ইউনিয়নের সাত্তারের মোড়ের সামনে আশরাফ মিয়ার বাড়ী রাস্তায় এইচ বিবিকরণ। | ১,০০,০০০/- |
| | **প্যাকেজ উপ-মোট=** | **৫,০০,০০০/-** |
| এডিপি/নীল/সদর/২৩-২৪/০৩ | ৩নং খোকশাবাড়ী ইউনিয়নের ২নং ওয়ার্ডের শেখ পাড়া যাওয়ার রাস্তার মোস্তফার বাড়ীর সামনে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ৩,৫০,০০০/- |
| | ৩নং খোকশাবাড়ী ইউনিয়নের ১নং ওয়ার্ড দক্ষিণপাড়া বাজারে জনগণের বসার জন্য গাছের গোড়াপাকাকরণ এবং বেঞ্চ তৈরীকরণ। | ১,৬২,৮৯৪/- |
| | ৩নং খোকশাবাড়ী ইউনিয়নের ৩নং ওয়ার্ড পরিতোষের বাড়ী হতে বেলতলী যাওয়ার রাস্তায় মোজাম্মেল ও হালিমের বাড়ীর নিকট ইউড্রেন নির্মাণ। | ১,৫০,০০০/- |
| | **প্যাকেজ উপ-মোট=** | **৬,৬২,৮৯৪/-** |
| এডিপি/নীল/সদর/২৩-২৪/০৪ | ৪নং পলাশবাড়ী ইউনিয়নের তরনী বাড়ী বাজার পাকারাস্তা থেকে স্টেশন যাওয়ার রাস্তার অসমাপ্ত কাজ (সিসিঢালাই) সমাপ্তকরণ। | ৫,১৩,৪২৮/- |
| | **প্যাকেজ উপ-মোট=** | **৫,১৩,৪২৮/-** |
| এডিপি/নীল/সদর/২৩-২৪/০৫ | ৫নং টুপামারী ইউনিয়নের বাজার মৌজা এলএসডি গোডাউনের কাছুর বাড়ির সামনে নজুর বাড়ি পর্যন্ত ড্রেন নির্মাণ। | ৫,০১,০৬৬/- |
| | **প্যাকেজ উপ-মোট=** | **৫,০১,০৬৬/-** |
| এডিপি/নীল/সদর/২৩-২৪/০৬ | ৬নং রামনগর ইউনিয়নের ভিতর বন্দর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে ড্রেনের উপর স্লাবক্যানেল পর্যন্ত নির্মাণ। | ৫,০০,০০০/- |
| | **প্যাকেজ উপ-মোট=** | **৫,০০,০০০/-** |
| এডিপি/নীল/সদর/২৩-২৪/০৭ | ০৭নং কচুকাটা ইউনিয়নের ৪নং ওয়ার্ড কচুকাটা হাট থেকে শুরু করে মুণ্ড মেম্বারের বাড়ীর সামনে পর্যন্তরাস্তা সিসিকরণ। | ৫,০০,০০০/- |
| | **প্যাকেজ উপ-মোট=** | **৫,০০,০০০/-** |

চলমান

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| এডিপি/নীল/ সদর/২৩-২৪/০৮ | ৮নং পঞ্চপুকুর ইউনিয়নের ৮নং ওয়ার্ড পঞ্চপুকুর হাতীপাড়া মোতালেবের বাড়ীর সামনে রাস্তার ধারের কবরস্থানের পার্শ্বে অসম্পূর্ণ গাইডওয়াল নির্মাণ। | ২,৩৩,১৫২/- | | |
| | ৮নং পঞ্চপুকুর ইউনিয়নের ৩নং ওয়ার্ড পুরাতনকাছারীপাড়া কমিউনিটি ক্লিনিকের বাউন্ডারীওয়াল নির্মাণ। | ৯৯,৪১৩/- | | |
| | ৮নং পঞ্চপুকুর ইউনিয়নের ৯নং ওয়ার্ড পঞ্চপুকুর সিনিয়র আলিম মাদ্রাসার বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ১,৭০,২৯৬/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,০২,৮৬১/- | | |
| এডিপি/নীল/ সদর/২৩-২৪/০৯ | ৯নং ইটাখোলা ইউনিয়নের ৫নং ওয়ার্ড হরিবল্লভ হঠাৎপাড়ার পানিনিস্কাশনের ড্রেন নির্মাণ। | ২,০০,৬০৫/- | | |
| | ৯নং ইটাখোলা ইউনিয়নের ৭নং ওয়ার্ডের শ্রীনাথ মৌজায় সরকারি প্রাথমিক বিদ্যালয় যাওয়ার রাস্তায় পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ৯৯,৮৯০/- | | |
| | ৯নং ইটাখোলা ইউনিয়নের ৯নং ওয়ার্ডের ছাড়ার পাড় ঈমামের বাড়ি যাওয়ার রাস্তার পার্শ্বে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ১,৯৯,৭৮১/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,০০,২৭৭/- | | |
| এডিপি/নীল/ সদর/২৩-২৪/১০ | ১০নং কুন্দপুকুর ইউনিয়নের ০৪নং ওয়ার্ড মধ্য শালহাটি আখতারুজ এর বাড়ী যাওয়ার রাস্তারপার্শ্বে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ২,১০,৪৫৭/- | | |
| | ১০নং কুন্দপুকুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডে ফকিরপাড়া শামসুলের বাড়ির সামনে ইউড্রেন নির্মাণ। | ১,১২,৫০৯/- | | |
| | ১০নং কুন্দপুকুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডে ফকিরপাড়া শেষ মাথা ফাইমিয়ার মাদ্রাসা যাওয়ার রাস্তার পার্শ্বে পুকুরে গাইড ওয়াল নির্মাণ। | ১,৭৭,০৩৪/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,০০,০০০/- | | |
| এডিপি/নীল/ সদর/২৩-২৪/১১ | ১১নং সোনারায় ইউনিয়নের বেড়াকুঠি তাজির মাষ্টারের বাড়ীর মেইন রাস্তা পর্যন্ত সলিংকরণ। | ৫,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,০০,০০০/- | | |
| এডিপি/নীল/ সদর/২৩-২৪/১২ | ১২নং সংগলশী ইউনিয়নের ৫নং ওয়ার্ড এর গাছারীপাড়া ক্যানেলপাড় হতে রহিম মেম্বারের বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ। | ৫,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,০০,০০০/- | | |
| এডিপি/নীল/ সদর/২৩-২৪/১৩ | ১৩নং চড়াইখোলা ইউনিয়নের খামাত পাড়ার বাবুর বাড়ি থেকে হাজীর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি ঢালাই করণ। | ৫,০০,০০০/- | | |
| | ১৩নং চড়াইখোলা ইউনিয়নের মজিরন নেছা মাদ্রাসা সংস্কারকরণ। | ২,৬৬,৪৭৮/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৭,৬৬,৪৭৮/- | | |
| এডিপি/নীল/ সদর/২৩-২৪/১৪ | ১৪ নংচাপড়াসরমজানী ২নং ওয়ার্ড ফকিরপাড়া আবুহারার বাড়ী হতে ফকির পাড়ার পুরাতন জামে মসজিদের সামনে দিয়ানূর মোহাম্মদ শাহফকিরের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি ঢালাইকরণ। | ৫,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,০০,০০০/- | | |
| এডিপি/নীল/ সদর/২৩-২৪/১৫ | ১৫নং লক্ষীচাপ ইউনিয়নের সহদেব বড়গাছা দাখিল মাদ্রাসায় শ্রেণিকক্ষ নির্মাণ। | ৫,০০,৯৩৭/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,০০,৯৩৭/- | | |
| | টেন্ডারকৃত সর্বমোট টাকা= | ৭৯,৫০,০০০/- | | |
| | এডিপি প্রকল্পের জরীপ তদারকী ব্যয় বাবদ | ১,১৩,০০০/- | | |
| | এডিপি প্রকল্পের আনুষাংগিক ব্যয় বাবদ | ৫৬,৫০০/- | | |
| | মোট(ক)= | ৮১,১৯,৫০০/- | | |

**(খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র আওতায় পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সুপারিশকৃত স্কীম/প্রকল্পসমূহ ঃ**

| প্রকল্পনং | প্রকল্পেরনাম | প্রাক্কলিতব্যয় | | |
|---|---|---|---|---|
| ১ | ১নং চওড়াবড়গাছা ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন। | ২,০০,০০০/- | | |
| ২ | ২নং গোড়গ্রাম ইউনিয়নের হত দরিদ্র ব্যক্তিদের মাঝেনলকূপ স্থাপন । | ২,০০,০০০/- | | |
| ৩ | ৩নং খোকশাবাড়ী ইউনিয়নের হতদরিদ্র ব্যক্তিদের মাঝেন লকূপ স্থাপন ও পাকাকরণ। | ২,০০,০০০/- | | |
| ৪ | ৪নং পলাশবাড়ী ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন। | ২,০০,০০০/- | | |
| ৫ | ৫নং টুপামারী ইউনিয়নেরবিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন। | ২,০০,০০০/- | | |
| ৬ | ৬নং রামনগর ইউনিয়নের বিভিন্ন প্রশিক্ষিত মহিলাদের সেলাই মেশিন সরবরাহ করণ। | ২,০০,০০০/- | | |
| ৭ | ০৭নং কচুকাটা ইউনিয়নের ৩নং ওর্য়াডআবু বক্করের বাড়ীরপার্শ্বে পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | | |

চলমান

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | ৮নং পঞ্চপুকুর ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন। | ২,০০,০০০/- | | |
| ৯ | ৯নং ইটাখোলা ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন। | ২,০০,০০০/- | | |
| ১০ | ১০নং কুন্দপুকুর ইউনিয়নের দুঃস্থ জনগনের মাঝে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন। | ২,০০,০০০/- | | |
| ১১ | ১১নং সোনারায় ইউনিয়নের সোনারায় কাছারী পাড়া মামুনের বাড়ী যাওয়ার রাস্তার ধারে পুকুরে গাইড ওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | | |
| ১২ | ১২নং সংগলশী ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন। | ২,০০,০০০/- | | |
| ১৩ | ১৩নং চড়াইখোলা ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন। | ২,০০,০০০/- | | |
| ১৪ | ১৪ নং চাপড়াসরমজানী আরাজী কুচিয়ার বাবরীঝাড়হাট পূর্ব পাড়া মোড় মোনায়েম খাঁর বাড়ী পুকুরে রাস্তারপূর্ব পার্শ্বে গাইড ওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | | |
| ১৫ | ১৫নং লক্ষীচাপ ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন। | ২,০০,০০০/- | | |
| ১৬ | নীলফামারী সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে রিং পাইপ সরবরাহ করণ। | ১,৮৪,৫০০/- | | |
| | মোট টাকা(খ)= | ৩১,৮৪,৫০০/- | | |
| | সর্বমোট(ক+খ)= | ১,১৩,০৪,০০০/- | | |
| প্রস্তাবিত প্রকল্পসমূহের সম্ভাব্য ব্যয় টাকা= ১,১৩,০৪,০০০/- (কথায়ঃ এক কোটি তেরো লক্ষ চার হাজার) টাকা মাত্র।<br>উপজেলা প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত ২৬টি প্রকল্প ১৫টি প্যাকেজে সীমিত দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পসমূহ অনুমোদনের জন্য এবং ১৬টি প্রকল্প, প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য ১৬টি কমিটি (পরিশিষ্ট-গ) সভায় অনুমোদনের জন্য উপজেলা প্রকৌশলী উপস্থাপন করেন। | | | | |
| **০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, নতুন ভাতাভোগী নির্বাচনের অনলাইনে আবেদন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ভাতা প্রদানের কার্যক্রম শুরু হবে। | | | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নতুন ভাতাভোগী নির্বাচন সম্পন্ন করে ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার<br>নীলফামারী সদর। |
| **০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে তাদেরকে উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত করার কার্যক্রম চলমান রয়েছে। ঋণ বিতরণ ও আদায়ের হার সন্তোষজনক। | | | ১। বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| **০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ** কার্যপত্র পাওয়া যায়নি। | | | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপপরিচালক/প্রোগ্রাম অফিসার<br>মহিলা বিষয়ক অধিদপ্তর<br>নীলফামারী। |
| **১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপসহকারী প্রকৌশলী জানান যে, চলমান ২০২৩-২০২৪ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৫ম পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজের সাইট লিষ্ট প্রাপ্তি সাপেক্ষে শীঘ্রই শুরু করা হবে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৪র্থ ধাপে অগভীর নলকূপের স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোতে জিপিএস/ এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের বাকী সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | | | ১। চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৫ম পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজের সাইট লিষ্ট সংগ্রহপূর্বক শীঘ্রই স্থাপন কাজ শুরু করতে হবে।<br>২। চলমান কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী<br>ডিপিএইচই<br>নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| **১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার জানান যে, নীলফামারী সদর উপজেলার ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ০১টি পরীক্ষণ বিদ্যালয় রয়েছে। বিদ্যালয় পর্যায়ে অনলাইনে ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদানের জন্য শ্রেণি তথ্য হালনাগাদ কার্যক্রম চলমান আছে। প্রতিবন্ধি শিক্ষার্থীদের মাঝে মাননীয় জাতীয় সংসদ সদস্য, নীলফামারী-২ মহোদয়ের মাধ্যমে এ্যাসিসটিভ ডিভাইজ বিতরণ করা হয়েছে। ২০২৪ শিক্ষা বর্ষের জন্য ইতো মধ্যে ১ম, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য সকল বিষয়ের পাঠ্যপুস্তক গ্রহণ করা হয়েছে। যথারীতি সকল প্রধান শিক্ষক নিয়ে জেলা প্রাথামিক শিক্ষা অফিসার, নীলফামারী মহোদয়ের উপস্থিতিতে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয় পরিচালনার সার্বিক নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিদ্যালয় পর্যায়ে অনলাইনে ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদানের জন্য শ্রেণি তথ্য হালনাগাদ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |
| **১২. উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ২০৪টি, অডিটযোগ্য সমিতির সংখ্যা ১৫৪টি, অদ্যাবধি অডিট সম্পাদিত হয়েছে ৫১টি, নতুন সমবায় সমিতি সংগঠন ০৩টি, সমবায় সমিতি নিবন্ধন করা হয়েছে ০১টি, নিবন্ধন ফি(ভ্যাটসহ) আদায় হয়েছে ৩৪৫/- টাকা, সমবায় সমিতিতে শেয়ার ক্রমপুঞ্জিভুত ৮০.১০(লক্ষ)টাকা, সমবায় সমিতির সঞ্চয় ক্রমপুঞ্জিভুত ৪০২.৭৫(লক্ষ)টাকা, গাভী পালন প্রকল্পের আওতায় ২৪১জন মহিলাকে ঋণ বিতরণ(ক্রমপুঞ্জিভুত ৪,৪৪,০০০০০/-টাকা। | ১। সমবায় সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন করে ঋণ বিতরণ ও আদায়ের হার বৃদ্ধি করতে হবে।<br>২। সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণের মাধ্য আত্মনির্ভরশীল করে গড়ে তুলতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, নতুন শিক্ষা ক্রমের আলোকে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান রয়েছে এবং অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান রয়েছে। | মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন/পাঠদান মনিটরি করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |
| **১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে নির্বাচনী এলাকা ভিত্তিক টিআর ও কাবিটা প্রকল্পের বরাদ্দ পাওয়া গিয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করা হবে। | নির্ধারিত সময়ে সকল প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী সদর কর্তৃক ছয়টি প্রকল্প/ কর্মসূচি চলমান রয়েছে। আয় বর্ধনমূলক কর্মকান্ডের জন্য ঋণ বিতরণ ও আদায় হচ্ছে। আদায়ের হার সন্তোষজনক। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১। চলমান প্রকল্পসমূহের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৬. বন বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| **১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন।<br>**খাদ্যগুদামে বর্তমান মজুদঃ** চাল - ৮৫৮৬.০০০ মেঃ টন, ধান- ০ মেঃ টন<br>গম- ০ মেঃ টন<br>**সংগ্রহ কার্যক্রম** ঃ বোরো চাল/ধান সংগ্রহ/২০২৩ চলমান।<br>**বিলি/বিতরণ** ঃ জিআর, ইপি,ওপি, ভিডব্লিউবি, ভিজিএফ, ওএমএস ও টিসিবি খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে।<br>**বাজারদরঃ**<br>ধান - ২৯/- থেকে ৩০/-প্রতি কেজি দর<br>চাল - ৪৩/- থেকে ৪৪/- প্রতি কেজি দর<br>গম - ৪৮/- থেকে ৫০/- প্রতি কেজি দর<br>আটা - ৫৫/- থেকে ৫৮/- প্রতি কেজি দর<br>লবণ- ৩৫/- থেকে ৪০/- প্রতি কেজি দর<br>চিনি - ১৪০/- থেকে ১৫০/- প্রতি কেজি দর<br>ডাল (মসুর)- ১১০/- থেকে ১৪০/- প্রতি কেজি দর<br>সয়াবিন তেল - ১৯০/- থেকে ১৯৫/- প্রতি কেজি দর<br>**ওএমএস কার্যক্রম** ঃ বর্তমানে জেলা সদরে ওএমএস কার্যক্রম চলমান আছে। নীলফামারী পৌরসভার ৯ টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫ দিন সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০ মেঃ টন করে আটা ও ১.০০০ মেঃ টন করে চাল বিক্রিয় করা হচ্ছে। প্রতি কেজি আটা ২৪/- (চব্বিশ) টাকা এবং প্রতি কেজি চাল ৩০/- (ত্রিশ) টাকা। | ১। বোরো চাল/ধান সংগ্রহ/২০২৩ চলমান।<br>২। জিআর, ইপি, ওপি, ভিজিডি ও ওএমএস খাতে খাদ্যশস্য নির্ধারিত সময়ে বিলি/বিতরণ করতে হবে।<br>৩। খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় মৃত ভোক্তার পরিবর্তে নতুন ভোক্তার নামের তালিকা সংগ্রহপূর্বক নতুন কার্ড ইস্যু করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |

চলমান

| | | |
|---|---|---|
| ভিডব্লিউ কার্যক্রমঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের ভিডব্লিউবি খাতে জুলাই/২৩ মাসে সাধারণ চাল ও আগষ্ট/২৩ মাসে পুষ্টি চাল সরবরাহ করা হয়েছে। সেপ্টেম্বর/২৩ মাসের প্রিমিক্স কার্ণেল এর বরাদ্দ না পাওয়ায় অদ্যাবধি চাল সরবরাহ করা হয় নি।<br>চাল/ধান সংগ্রহ/২০২৩ঃ অভ্যন্তরীণ বোরো ধান ও চাল সংগ্রহ/২০২৩ কার্যক্রম গত ৭ মে ২০২৩খ্রিঃ হতে শুরু হয়েছে। বোরো সংগ্রহ ২০২৩ মৌসুমে উপজেলায় ১৫৯২৫ মেঃ টন চাল ও ২০৪৪ মেঃ টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া যায়। প্রতি কেজি চালের সংগ্রহ মূল্য ৪৪/- (চুয়াল্লিশ) টাকা এবং প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩০(ত্রিশ) টাকা। অদ্যাবধি উপজেলায় ১৬৯২২.০০০ মেঃ টন বোরো চাল (পুনঃবরাদ্দ সহ) ৯৯৭.০০০ মেঃ টন ধান সংগ্রহ করা হয়েছে। বোরো চাল/২০২৩ সংগ্রহের সময়সীমা আগামী ২১ সেপ্টেম্বর/২০২৩খ্রিঃ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।<br>ওএমএস কার্যক্রমঃ<br>নীলফামারী জেলা সদরে ওএমএস কার্যক্রমে কার্ডের মাধ্যমে চাল ও আটা বিক্রয়ের সরকারি নির্দেশনা পাওয়া যায়। বিক্রয় কেন্দ্রে স্ব-শরীরে উপস্থিত ভোক্তাদের নিকট হতে প্রাপ্ত এনআইডি নিয়ে তালিকা প্রস্তত ও ওএমএস কার্ড তৈরীর কার্যক্রম চলমান রয়েছে। ভোক্তা ওএমএস কার্ড দিয়ে প্রতি সপ্তাহে একবার চাল ও আটা ক্রয় করতে পারবে। এছাড়াও জুলাই/২৩ হতে সারাদেশে ১ কোটি ভোক্তাকে টিসিবি ডিলারের মাধ্যমে ওএমএস খাতের চাল (ভোক্তা প্রতি মাসে ৫ কেজি) বিক্রয় কার্যক্রম অব্যাহত আছে। সেপ্টেম্বর/২৩ মাসে অদ্যাবধি ৮টি ইউনিয়ন ও পৌরসভায় টিসিবির চাল ওএমএস ডিলারের মাধ্যমে সরবরাহ করা হয়েছে।<br>খাদ্যবান্ধব কর্মসূচীঃ<br>নীলফামারী সদর উপজেলার ১৫টি ইউনিয়নে গত আগষ্ট ২৩ মাসে সরকারী নির্দেশনার প্রেক্ষিতে অনুমোদিত ৩০৬৬৮ জন ভোক্তাকে সেপ্টেম্বর/২০২৩ ও অক্টোবর/২০২৩ ০২(দুই) মাসের (৩০+৩০)=৬০ কেজি চাল একই সাথে অগ্রিম বিলি বিতরণ করা হয়েছে। বর্তমানে খাদ্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক মৃত ভোক্তাদের তথ্যাদি হালনাগাদকরণের কাজ শুরু হয়েছে। এ লক্ষ্যে উপজেলার সকল ইউপি চেয়ারম্যানগণকে মৃত ভোক্তার নামের তালিকা এবং তাদের পরিবর্তে নতুন ভোক্তার নামের তালিকা প্রেরণের জন্য অত্র দপ্তর হতে পত্র ইস্যু করা হয়েছে। | | |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই . | সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নীলফামারী সদর এর মাসিক কার্যাবলির অংশ হিসেবে গত ১০/০৮/২০২২খ্রি. তারিখে উপজেলা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কমান্ডার ও ইউনিয়ন দলনেতা/ দলনেত্রীদের নিয়ে মাসিক সভার আয়োজন করা হয়। উক্ত সভায় বাল্য বিবাহ রোধ, স্বাস্থ্য সম্মত স্যানিটেশন, বৃক্ষরোপন, মাদক বিরোধী কর্মকান্ড ইত্যাদি সম্পর্কে আলোচনা করা হয়। মাসিক সভায় বিগত মাসের সার্বিক কর্মকান্ড সম্পর্কে আনসার ও ভিডিপি সদস্যদের মধ্যে আলোচনা করা হয় এবং তাদের দায়িত্ব এবং কর্তব্য সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও আসন্ন জাতীয় সংসদ নির্বাচন ও দূর্গাপুজাকে কেন্দ্র করে যে কোন ধরণের নাশকতামূলক কর্মকান্ড প্রতিহত করার জন্য এবং আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের নির্দেশ প্রদান করা হয়। চলতি ২০২৩-২৪ অর্থবছর এ ২০/০৮/২০২৩খ্রি. হতে ৩১/০৮/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত ১০ কার্যদিবস মেয়াদী গ্রাম ভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ(পুরুষ ও মহিলা) ০৩নং খোকশাবাড়ী ইউনিয়ন পরিষদ ভবনে অনুষ্ঠিত হয়েছে। | আইন-শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বদা সজাগ থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সহকারী প্রকৌশলী জানান যে, বিএমডিএ'র নিয়ন্ত্রণাধীন সদর উপজেলার সকল গভীর নলকূপ সেচ কার্যক্রমে ব্যবহৃত হচ্ছে। | ১। প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। কৃষকের চাহিদা অনুযায়ী সেচ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ নীলফামারী। |

CamScanner

| | | |
|---|---|---|
| ২১. আইসিটি বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সহকারী প্রোগ্রামার জানান যে, হার পাওয়ার প্রকল্পের আওতায় প্রশিক্ষণার্থী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। | ১। প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। প্রশিক্ষণার্থী বাছাইপূর্বক জরুরি ভিত্তিতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে। | সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নীলফামারী সদর |
| ২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(ক্ষুদ্রসেচ): কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী প্রকৌশলী জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |
| ২৩. নির্বাচন কমিশনঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার নীলফামারী সদর। |
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, প্রকল্প কার্যালয় হতে নির্দেশিত সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। দাপ্তরীক কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ষ্ঠ পর্যায়ের বরাদ্দকৃত অর্থে মাধ্যমিক বিদ্যালয়ে উচুঁ-নিচুঁ বেঞ্চ সরবরাহকরণ এবং কমিউনিটি ক্লিনিকের সাথে নতুন ৩টি ডেলিভারি রুম নির্মানের প্রস্তাব প্রকল্প কার্যালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্প দুটি বাস্তবায়নের জন্য ইজিপি'র মাধ্যমে শীঘ্রই দরপত্র আহবান করা হবে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কার্যালয় হতে প্রকল্প দুটি বাস্তবায়নের জন্য ইজিপি'র মাধ্যমে শীঘ্রই দরপত্র আহবান করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, আগস্ট, ২০২৩খ্রি. মাসে নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১/২০২৩-২৪ | ০৮/০৮/২০২৩খ্রি. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জুলাই ২০২৩ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ৪৫,০০০.০০ |
| ০২/২০২৩-২৪ | ০৮/০৮/২০২৩খ্রি. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জুলাই, ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ০৩/২০২৩-২৪ | ০৮/০৮/২০২৩খ্রি. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জুলাই, ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ০৪/২০২৩-২৪ | ০৮/০৮/২০২৩খ্রি. | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ২জন কর্মচারির জুলাই, ২০২৩ মাসের মজুরি বিল। | ২৭,০০০.০০ |
| ০৫/২০২৩-২৪ | ১৩/০৮/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনে বৈদ্যুতিক মালামাল প্রতিস্থাপন ও সার্চলাইট স্থাপন ব্যয় বিল। | ৫৭,৮২২.০০ |
| ০৬/২০২৩-২৪ | ১৩/০৮/২০২৩খ্রি. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের বাথরুম মেরামত | ১০,৮৭০.০০ |
| ০৭/২০২৩-২৪ | ১৩/০৮/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন (পুরাতন) এর টয়লেট ও জানালা মেরামত ব্যয় বিল। | ৩৬,০০০.০০ |
| ০৮/২০২৩-২৪ | ১৩/০৮/২০২৩খ্রি. | নীলফামারী সদর উপজেলাধীন চওড়াবড়গাছা, সোনারায় ও সংগলশী ইউনিয়নে বিভিন্ন সময়ে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ১০টি পরিবারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান বিল। | ৫০,০০০.০০ |
| ০৯/২০২৩-২৪ | ১৩/০৮/২০২৩খ্রি. | নীলফামারী সদর উপজেলাধীন পলাশবাড়ী, সোনারায় ইউনিয়নে ও নীলফামারী পৌরসভা বিভিন্ন সময়ে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ৩টি পরিবারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান বিল। | ১৫,০০০.০০ |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৯/২০২৩

(শাহিদ মাহমুদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

CS CamScanner

# উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১. ৪৭(৫০)

তারিখঃ ০৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা..........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান,.......................................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

২৪/০৯/২০২৩

(জেসমিন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর ০২৫৮৯৯৫৫১৮১
ই-মেইলঃ unonilphamari@mopa.gov.bd

CamScanner